যুগান্তর

JAN. 12 2002

তারিখ ............
পৃষ্ঠা ১৩ কলাম ৭

# কাল থেকে রাবিতে ভর্তি পরীক্ষা শুরু

## প্রতি আসনে ৫৩ জন প্রার্থী

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

আগামীকাল রোববার থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে। ভর্তি পরীক্ষা উপলক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১৩ জানুয়ারি থেকে ২৭ জানুয়ারি পর্যন্ত ক্যাম্পাসে রাজনৈতিক কর্মকাণ্ডের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে। এই সময়ে ক্যাম্পাসে মিছিল, সমাবেশ, রাজনৈতিক মহড়া ও গোপন বৈঠক করা যাবে না। ভর্তি পরীক্ষা শেষ হবে ২৭ জানুয়ারি।

জানা গেছে, ২০০১-২০০২ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ অনার্স ক্লাসে ভর্তি পরীক্ষার ফরম বিক্রি হয়েছে ১ লাখ ৬৩ হাজার। এবার প্রতি আসনের বিপরীতে ৫৩ জন ছাত্রছাত্রী ভর্তিযুদ্ধে অবতীর্ণ হচ্ছে। এই বছর এইচএসসি পরীক্ষার ফলাফল ভাল না হলেও রাজশাহী বিশ্ববিদ্যালয়ে গতবারের চেয়ে ৩ হাজার ফরম বেশি বিক্রি হয়েছে। গত ৪ ডিসেম্বর ছিল ফরম বিতরণ ও জমা দেয়ার শেষ দিন। বিশ্ববিদ্যালয়ে মোট আসন সংখ্যা ৩ হাজার ১১৮টি। কলা অনুষদে ৮৫০টি আসনের বিপরীতে ২৫ হাজার; সামাজিক বিজ্ঞান অনুষদে ৫৫৫টি আসনের বিপরীতে ৩৪ হাজার ৮০০; বিজ্ঞান অনুষদে ৬৬৫টি আসনের বিপরীতে ৪৪ হাজার ৭৬; জীব ও ভূ-বিজ্ঞান অনুষদে ৩৩০টি আসনের বিপরীতে ১২ হাজার ৬৯০; কৃষি অনুষদে ৬৫টি আসনের বিপরীতে ৫ হাজার ৭৬০; আইন অনুষদে ১০০টি আসনের বিপরীতে ৭ হাজার ৯১৬; বাণিজ্য অনুষদে ৩৯০টি আসনের বিপরীতে ৩১ হাজার ২১১টি আবেদনপত্র বিক্রি হয়েছে। বিশেষ কোটায় ২০৮টি আসনের বিপরীতে ১ হাজার ৫০৪টি আবেদনপত্র বিক্রি হয়েছে।

এবার কৃষি অনুষদে সবচেয়ে বেশি প্রতিদ্বন্দ্বিতা হবে। এই অনুষদে প্রতিটি আসনে প্রায় ৮৯ জন পরীক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে। গত বছর প্রতিটি আসনের বিপরীতে ৫২ জন ছাত্রছাত্রী প্রতিদ্বন্দ্বিতা করেছিল।